**উপজেলা পরিষদ**

মোহগঞ্জ, নেত্রকোণা

**বিষয়: উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী-**

| | | |
|---|---|---|
| সভার তারিখ | ঃ | ২৮ জানুয়ারি ২০২৫ সময়: বেলা ১১.৩০ ঘটিকা |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ অডিটোরিয়াম কাম মাল্টি পারপাস হলরুম, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| সভাপতি | ঃ | জনাব জুয়েল আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| উপস্থিত সদস্য | ঃ | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানান জানিয়ে আলোচ্যসূচি মোতাবেক সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

**(২) বিভাগীয় উন্নয়নমূলক কাজের আলোচনা ঃ-**

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, মোহনগঞ্জ, নেত্রকোণা সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) ১ম ও ২য় কিস্তিতে ৪৯,৭২,০০০/- (উনপঞ্চাশ লক্ষ বায়াত্তর হাজার) টাকা বরাদ্দ পাওয়া যায়। খুব দ্রুতই প্রকল্প তালিকা গ্রহণ করা হবে। উপজেলা পরিষদে অবস্থিত বিএডিসিরভবনসহ বেশ কয়েকটি পুরাতন ও জরাজীর্ণ ভবন রয়েছে। জরাজীর্ণ ও ঝুঁকিপূর্ণ ভবনসমূহের প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। ঝুঁকিপূর্ণ ভবনসমূহ পরিত্যাক্ত ঘোষনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। এছাড়া অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক মর্মে তিনি জানান। | বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এবং রাজস্ব তহবিলের আওতায় বিধি মোতাবেক ৭০% টেন্ডার এবং ৩০% পিআইসির মাধ্যমে দ্রুত প্রকল্প গৃহণ ও বাস্তবায়নে সিদ্ধান্ত গৃহীত হয়। প্রাক্কলনকৃত বিএডিসিরভবনসহ বেশ কয়েকটি পুরাতন ও জরাজীর্ণ ভবন বিধিমোতাবেক বিধিমোতাবেক অপসারণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ০২ | উপজেলা প্রাণী সম্পদ বিভাগ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা বলেন, প্রাণি সম্পদ অফিসের সামনে অবস্থিত বয়স্ক রেইনট্রি গাছটির উপরের দিকের ডালপালা মরে যাচ্ছে যা ঝড়ে উপড়ে মূল ভবনসহ জানমালের ব্যাপক ক্ষতি হতে পারে। তাই বিধিমোতাবেক উক্ত রেইনট্রি গাছটি অপসারন করে নিলামে বিক্রির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেছেন। এছাড়া বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবেই পরিচালনা হচ্ছে। | ফরেস্টার, মোহনগঞ্জ, নেত্রকোণাকে বিধিমোতাবেক গাছটি অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ফরেস্টার, মোহনগঞ্জ ও উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ০৩ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা জানান, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবেই পরিচালনা হচ্ছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি, কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ০৪ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান স্বাস্থ্য বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে সভাকে অবহিত করেন। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ০৫ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, উপজেলার এফআইডি কার্ড হালনাগাদ কার্যক্রম চলমান আছে। সামনে হাওরে নিষেধাজ্ঞাকে সামনে রেখে গাগলাজুর ইউনিয়নের বিদ্যমান এফআইডি কার্ড এর তথ্য হালনাগাদ করা প্রয়োজন। উক্ত কাজে ইউনিয়ন পরিষদের সদস্যবৃন্দের সহযোগিতা কামনা করেন। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে বলে জানান। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য সিঃ উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করা হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মোহনগঞ্জ। |
| ০৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। বিনামূল্যের পাঠ্যবই আসা মাত্রই প্রতিষ্ঠানে বিতরণ করা হচ্ছে। শিক্ষা প্রতিষ্ঠানে পাঠ কার্যক্রম ভাল ভাবে চলছে বলে জানান। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ক্রীড়া প্রতিযোগিতা ও সাংস্কৃতিক প্রতিযোগিতা সুষ্ঠু ও সুন্দরভাবে অনুষ্ঠিত হচ্ছে। | কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ০৭ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসের সংযোগ রাস্তা সিসি ঢালাই ও ক্যাচি গেইট নির্মাণ করা জরুরী বলে সভাকে অবহিত করেন। তাছাড়া ১ম হতে ৫ম শ্রেণির বই এখনো পাওয়া যায়নি। পাওয়া মাত্রই বই বিতরণ করা হবে। আগামী ০৫ হতে ০৯ | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | ফেব্রুয়ারির মধ্যে ইউনিয়ন পর্যায়ের ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান সম্পন্ন করা হবে। পরবর্তীতে উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত হবে। শিক্ষকগণকে যথাসময়ে বিদ্যালয়ে আগমন ও প্রস্থান বিভিন্ন পন্থায় অবলম্বন করে বাস্তবায়ন করা হবে। | | |
| ০৮ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা সহকারী যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ০৯ | সমবায় বিভাগ | সভায় উপজেলা সমবায় কর্মকর্তা সভাকে বলেন, তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১০ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান. তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলাবিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১১ | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। বর্তমানে মোহনগঞ্জ উপজেলাতে কাজ করার জন্য ২৭০০ মিটার ড্রেন রয়েছে। কিন্তু উপর্যুক্ত সাইড না পাওয়ায় কাজ করা যাচ্ছে না। উপজেলা প্রশাসনের সার্বিক সহযোগিতায় সাইড পেলে দ্রুত কাজ সমাপ্ত করতে পারবে বলে সভায় অবহিত করেন। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা উপ-সহকারী প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১২ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান ২০২৪-২০২৫ অর্থ বছরের টিআর/কাবিখার বরাদ্দ পাওয়া গেছে। আশ্রয়ন প্রকল্পে কম্বল বিতরণ করা হয়েছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১৩ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১৪ | উপজেলা সমাজ সেবা অফিসার | উপজেলা সমাজ সেবা অফিসার বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজ সেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজ সেবা অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১৫ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার নিজস্ব অফিস ভবন না থানায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর পরিত্যাক্ত আবাসিক ভবনে কার্যক্রম পরিচালিত হচ্ছে। দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা পরিষদের অভ্যন্তরে প্রয়োজনীয় সংখ্যক রুম বরাদ্দ দেয়ার জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। জন্ম নিয়ন্ত্র সামগ্রীর সরবরাহ ঘাটতি রয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১৬ | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক বিভাগ | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, মোহনগন্জ সভায় জানান ডেসেম্বর মাসে তার দ্পতরের নতুন নিবন্ধনকৃত রোগীর সংখ্যা ২১ জন। এরমধ্যে পুরষ ০৬ জন, মহিলা ১৩ জন ও শিশু ০২ জন। সর্বমোট ট্রানজেকশন ১৫২৪ টি। পুরুষ ৫৮০ টি, মহিলা ২২১ টি ও শিশু ৭২৩ টি। মোবাইল থেরাপি ভ্যানের ক্যাম্পিং সংখ্যা ০৪ টি। নতুন নিবন্ধনকৃত রোগীর সংখ্যা ১৪ জন। তার মধ্যে পুরুষ ০৭ ও মহিলা ০৭ জন। আগামী ০৭ ফেব্রুয়ারি ইশারা ভাষা দিবস ২০২৫ উদযাপিত হবে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১৭ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প বিভাগ | বিভিন্ন প্রকল্প হতে স্থাপনকৃত সোলার লাইট এর বর্তমান অবস্থা পর্যবেক্ষন করে প্রতিবেদন তৈরীকরা প্রয়োজন। এই কাজে ইউনিয়ন পর্যায়ে গ্রাম পুলিশ/ইউপি সদস্যদের সহায়তা নেয়া যেতে পারে। | স্থাপনকৃত সোলার লাইট এর বর্তমান অবস্থা পর্যবেক্ষনে গ্রাম পুলিশ ও ইউপি সদস্যদের সহযোগিতা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউডিজিপি মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১৮ | চেয়ারম্যান, গাগলাজুর ইউপি | চেয়ারম্যান, গাগলাজুর ইউপি সভাকে অবহিত করেন যে, তেতুলিয়া হতে গাগলাজুর পর্যন্ত রাস্তার কাজ চলমান রয়েছে। পানি না দেয়ার কাজের মান ভাল হচ্ছেনা। তেতুলিয়া হতে নওগা পর্যন্ত রাস্তা ইরি মৌসুমের পূর্বে অবশ্যই মেরামত করতে হবে। ইটের মান ভাল নয় বিধায় কাজের মান খুবই নিম্নমানের। বিকল্প রাস্তা না থাকায় রাস্তার কাজ জরুরী শেষ করা প্রয়োজন। | জনস্বার্থে বোর মৌসুমের পূর্বে রাস্তার কাজ সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, মোহনগঞ্জ, নেত্রকোণা |

(৩) বিবিধ ঃ (ক) সভায় উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা, উপজেলার কার্যক্রম বেগবান করার লক্ষ্যে সকলকে নিয়ে কাজ করার আশা ব্যক্ত করেন এবং এ উপজেলায় বর্তমান পরিস্থিতি স্বাভাবিক আছে বলে সভায় অবহিত করেন।

CamScanner

(খ) ফেব্রুয়ারি/২০২৫ মাসের উপজেলা পরিষদের আপ্যায়ন, আনুষঙ্গিক খরচ, মালীর ও ঝাড়ুদারের মজুরী এবং অন্যান্য বিল পরিশোধের বিষয় সভায় উপস্থাপন করা হয়।

(গ) উপজেলা নির্বাহী অফিসার (আনসার ব্যারাক) এর জন্য ফ্রিজ, গ্যাস সিলিন্ডার, চৌকি,রেজিস্টার খাতা, কলম, ক্যারাম বোর্ড ও সিলিং ফ্যান ক্রয়ের জন্য উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা আবেদন করেন। এ বিষয়ে সভায় আলোচনা শেষে প্রয়োজনীয় মালামাল ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।

উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত বিল পরিশোধে সর্বসম্মতিক্রমে অনুমোদন/ব্যয়োত্তর অনুমোদন দেয়া হয়।

| ক্রঃ নং | ব্যয়ের বিবরণী | পরিমাণ |
|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদের মালী ও ঝাড়ুদারের ফেব্রুয়ারি/২০২৫ মাসের মজুরী প্রদান। | ২২,০৫০/- |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ফেব্রুয়ারি/২০২৫ মাসের দৈনন্দিন আপ্যায়ন, পরিষদ সভা, আইন শৃঙ্খলা সভাসহ বিভিন্ন সভার আপ্যায়ন। | ৩০,০০০/- |
| ০৩ | উপজেলা পরিষদের ২০২৪-২০২৫ অর্থ বছরে জীপ গাড়ির মেরামত ব্যয় বাবদ | ১১,২০০/- |
| ০৪ | ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস/২০২৪ উদযাপন ব্যয় বাবদ | ৭০,০০০/- |
| ০৫ | ২১ ফেব্রুয়ারি শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস/২০২৫ উদযাপন ব্যয় বাবদ | ৩০,০০০/- |
| ০৬ | উপজেলা নির্বাহী অফিসার (আনসার ব্যারাক) এর জুলাই/২৪ হতে জানুয়ারি ২০২৫ পর্যন্ত বিদ্যুৎ বিল বাবদ | ৮৫,২৯৬/- |
| ০৭ | উপজেলা পরিষদ চেয়ারম্যান এর কার্যালয়ের জুলাই/২৪ হতে ডিসেম্বর/২০২৪ পর্যন্ত বিদ্যুৎ বিল বাবদ | ৩১০৭/- |
| ০৮ | উপজেলা নির্বাহী অফিসার (আনসার ব্যারাক) এর ফ্রিজ, গ্যাস সিলিন্ডার, চৌকি,রেজিস্টার খাতা, কলম, ক্যারাম বোর্ড ও সিলিং ফ্যান ক্রয় ব্যয় বাবদ | ৮০,০০০/- |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/১/২০২৫
(জুয়েল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
মোহনগঞ্জ, নেত্রকোণা।

কার্যবিবরণী নং- ০৫.৪৫.৭২৬৩.০০০.০৬.০০১.২০-৮০(৪০)

তারিখঃ ২৮ জানুয়ারি ২০২৫

**বিতরণঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে-**

০১. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০২. জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৩. সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. উপজেলা ...........................................................,........অফিসার, মোহনগঞ্জ,নেত্রকোণা।
০৫. চেয়ারম্যান,..............................................................ইউ,পি (সকল), মোহনগঞ্জ, নেত্রকোণা।
০৬. সংরক্ষণ নথি।

২৮/১/২০২৫
(জুয়েল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
মোহনগঞ্জ, নেত্রকোণা

CamScanner